



মধ্যপ্রাচ্যের উত্তেজনা: শাহজালাল বিমানবন্দর থেকে ১৪৭ ফ্লাইট স্থগিত



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যে চলমান সংঘাতের জেরে একাধিক দেশের আকাশপথ কার্যত বন্ধ রয়েছে। এর প্রভাব পড়েছে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর-এ।

মঙ্গলবার (৩ মার্চ) দুপুর পর্যন্ত মধ্যপ্রাচ্যগামী আরও ৩৮টি ফ্লাইট বাতিল হয়েছে।

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ জানায়, শারজাহ, রিয়াদ, বাহরাইন, দুবাই ও দোহাগামী বেশ কয়েকটি ফ্লাইট এই তালিকায় রয়েছে। বাতিল ফ্লাইটগুলোর মধ্যে রয়েছে কাতার এয়ারওয়েজের ৪টি, এমিরেটসের ৪টি, গালফ এয়ারের ৪টি, ফ্লাই দুবাইয়ের ৪টি, কুয়েত এয়ারওয়েজের ২টি, জাজিরা এয়ারওয়েজের ৪টি, এয়ার অ্যাবিয়ার ১২টি এবং ইউএস-বাংলা এয়ারলাইন্সের ৪টি।

এর আগে শনিবার ২৩টি, রোববার ৪০টি এবং সোমবার ৪৬টি ফ্লাইট বাতিল করা হয়। সব মিলিয়ে এখন পর্যন্ত মোট ১৪৭টি ফ্লাইট স্থগিত হয়েছে।

একই পরিস্থিতির প্রভাব পড়েছে চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর-এও। মঙ্গলবার সকাল পর্যন্ত সেখানে ৭টিসহ মোট ৩৫টি আন্তর্জাতিক